

News monitored for: Emami Group  
Title: Daydreaming and reality



## দিবাস্বপ্ন ও বাস্তবতা

২০ সেপ্টেম্বর থেকে ইমামি আর্ট গ্যালারি শুরু হয়েছে যোগেন চৌধুরীর একক চিত্রপ্রদর্শনী 'দিবাস্বপ্ন ও বাস্তবতা'। যার কিউরেটরশনের দায়িত্বে রয়েছেন রঞ্জিত হোসকোট্টে। এই লেখার সঙ্গে যে-চিত্রটি উপস্থাপিত হল, তা প্রদর্শনীতে স্থান পাওয়া শিল্পসভারের অন্যতম। নাম 'মিস ইন্ডিয়া আনক্রাউন্ড'। ৭২ বাই ৪৮ ইঞ্চি ক্যানভাসে তেলরঙের সাঙ্ঘন। ছবিটিকে যোগেন চৌধুরীর 'সাম্প্রতিক সৃষ্টি' বললে অতিশয়োক্তি হবে না। ২০১৩ সালে এটির অক্ষনপদ্ধতি সম্পূর্ণ হয়েছিল বলে জানানো হয়েছে। ১৯৫৫ সাল থেকে অদ্যাবধি প্রায় ৬৪ বছরের শিল্প-অভিযাত্রা এখানে বিধৃত। সময়ের সঙ্গে সঙ্গে কীভাবে যোগেন চৌধুরীর কাজের অভিমুখ বাঁক নিয়েছে, কেমন করে মাধ্যম ও ফর্মে লক্ষণীয় পরিবর্তন সাধিত হয়েছে, বিষয় থেকে বিষয়াস্তরে চলমান হয়েছে কীভাবে অন্তর্লীন যোগ-সুতোয় বাঁধা পড়েছে শিল্পীর মনোভূমি— তা এই প্রদর্শনী নতুন করে তুলে ধরল। রসিক উপভোক্তার কেউ কেউ দেশভাগের অনুভূতিতে জারিত যোগেন চৌধুরীর প্রাক্তন ছবিগুলির ভিতরে এনআরসি-র প্রকোপে দেশচ্যুত হওয়ার শঙ্কায় নতমুখ জীবনের সাদৃশ্য খুঁজতে চাইলে— সময় ও কালের আরেকটি মাত্রা উন্মোচিত হওয়ার সম্ভাবনা থাকল।



ছবি রাজীব দে